একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(রাজস্ব শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০২৮.১১.০০৭.২২.২১১                                                        তারিখ: ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

পাবনা জেলার রাজস্ব প্রশাসনের আওতাধীন উপজেলা ভূমি অফিস, পাবনা সদর, চাটমোহর, আটঘরিয়া, ঈশ্বরদী, ভাঙ্গুড়া, ফরিদপুর, সাঁথিয়া, বেড়া, সুজানগর, পাবনা কার্যালয়ে নিম্নবর্ণিত পদে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

| অফিসের নাম | আউটসোর্সিং প্রক্রিয়ার সেবার নাম | অর্থ বিভাগ কর্তৃক সম্মতিকৃত সেবাকর্মীর সংখ্যা | সেবার ক্যাটাগরি |
|---|---|---|---|
| ভূমি সংস্কার বোর্ডের অধীন মাঠ পর্যায়ের উপজেলা/মেট্রো থানা/সার্কেল ভূমি অফিস | নিরাপত্তা প্রহরী | ০৯ | ক্যাটাগরি-৫ |

| ক্রমিক নং | পদের নাম | সেবা মূল্য | | পদ সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১। | সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) | উপজেলা ভূমি অফিসসমূহ | ১৬,৬৭৩/- | ০৯ | ১৮-৬০ বছর | ৮ম শ্রেণী পাশ |
| | | | সর্বমোট | ০৯ জন | | |

শর্তাবলী:

১। আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে:

| পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | মাসিক সাকুল্য বেতন | সার্ভিস চার্জ | ভ্যাট (৫+৬এর) | জনপ্রতি মাসিক মোট দর (৫+৬+৭) | মাসিক সর্বমোট দর (৮×২) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) | | | | | | | | |

২। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫-এর তফশিল-খ অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে।

৩। সেবাকর্মীকে জাতীয় পেনশন কর্তৃপক্ষের অধীনে পরিচালিত সর্বজনীন পেনশন স্কিমের অন্তর্ভুক্ত হতে হবে।

৪। সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% হবে।

৫। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য তার নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।

৬। সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৭। আউটসোর্সিং প্রক্রিয়ায় পরিচ্ছন্নতাকর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায় এবং নিরাপত্তা প্রহরীর সেবা ক্রয়ের ক্ষেত্রে আনসার সদস্যদের অগ্রাধিকার দিতে হবে।

৮। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর অনুচ্ছেদ-৭ অনুযায়ী সেবাকর্মী সরবরাহকরী ঠিকাদার সংস্থার রেজিস্ট্রেশন ও নবায়নকৃত লাইসেন্স থাকতে হবে।

৯। অর্থ বিভাগের পূর্বানুমতি ব্যতীত সেবা ক্রয়ের মেয়াদ বৃদ্ধি করা যাবে না।

১০। এ সেবা ক্রয়ের মেয়াদ ৩০/০৬/২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।

১১। নিয়োজিত কর্মচারীগণকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

১২। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১৩। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

১৪। অর্থ মন্ত্রণালয় এর অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুযায়ী সাকুল্য বেতন নির্ধারিত হবে।

CamScanner

১৫। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর হালনাগাদ রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ সার্টিফাইড কপিসহ জয়েন্ট স্টক কোম্পানির সনদ, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন (১৩ ডিজিট), ২০২৫-২০২৬ অর্থ বছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে।

১৬। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের বিগত ০৩ (তিন) বছরের মধ্যে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ০১ (এক) বছর চুক্তিতে কমপক্ষে ১০ (দশ) জন সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) সরবরাহের চলমান অভিজ্ঞতাসহ আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং এ সংক্রান্ত প্রত্যয়ন পত্র থাকতে হবে।

১৭। নিয়োজিত কর্মচারীগণকে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে।

১৮। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে যে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে এর দায় বহন করতে হবে।

১৯। নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রতি মাসে উপরিউক্ত ভূমি অফিসসমূহে বিল দাখিল করতে হবে এবং দাখিলকৃত বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।

২০। নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

২১। নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সঙ্গে ৩০০/- (তিনশত) টাকা মূল্য মানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনের পরই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে।

২২। মন্ত্রণালয় হতে অনুমোদন ও বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে নিয়োগকৃত কর্মচারীদের বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

২৩। নিয়োজিত জনবলকে অফিস সময়ের পরে অতিরিক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে অতিরিক্ত মূল্য/অর্থ প্রদান করা হবে না।

২৪। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণ পূর্বক আগামী ১৯/০২/২০২৬ খ্রি. তারিখ দুপুর ০১:০০ টার মধ্যে সিলগালাকৃত খামে প্রতিটি পদের ০১ (এক) মাসের দর উল্লেখপূর্বক শর্তাবলী ১৫ ও ১৬ নং এ উল্লেখিত সকল কাগজ পত্র সত্যায়িত করে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে (রাজস্ব শাখায়) রক্ষিত দরপত্র বক্সে দর প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখ দুপুর ০১:৩০ টার সময় দর প্রস্তাবসমূহ দরদাতা গণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। উল্লেখ্য নির্ধারিত তারিখে আগ্রহী প্রতিষ্ঠান পাওয়া না গেলে পরবর্তী ২৪/০২/২০২৬খ্রি. তারিখে দুপুর ০১.০০ টার মধ্যে পুনরায় আবেদন গ্রহণ করা হবে এবং অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

২৫। সরবরাহকৃত কোন কর্মচারী পরপর ০৩ (তিন) দিনের বেশি ছুটিতে গেলে তার স্থলে সমযোগ্যতাসম্পন্ন জনবল সরবরাহ করতে হবে।

২৬। যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নয়।

১৯/02/26

ড. শাহেদ মোস্তফা
জেলা প্রশাসক
পাবনা
ফোন নং:০২৫৮৮৮৪৫৪৯৯
ই-মেইল: dcpabna@mopa.gov.bd

CS CamScanner